

গভীর মন্বন্তর থেকে

আজ গভীর মন্বন্তর থেকে উঠে এসে
 নাগাল চায় অস্তিত্বের
 উন্মাদ নক্ষত্র খসে গেছে গতিপথ ভেঙেচুরে।
 দীর্ঘপথ থেকে হতশ্বাস জন্মের ত্রন্দন
 মাটির ভিতরে নিজেকে নিহিত করে নেয়।
 তীব্র খরা আর ভেঁতা অক্ষমতা
 বিদীর্ণ মাটির মত জন্ম প্রত্যাশী
 গভীর মন্বন্তর মুছে ফেলে অস্তিত্বের নাগাল
 নক্ষত্রের উন্মাদনা ত্বরিত করে গতির ভাঙন
 বিদীর্ণ মাটির মত জন্ম প্রত্যাশী এ চরাচর
 আজন্ম ত্রন্দন এক উষণ অন্ধকারে
 মাটির নিহিত গভীরে নক্ষত্রের জন্ম দেয়
 জন্ম দেয় উন্মাদ অস্তিত্ব
 ভুল চরাচর থেকে ভেসে আসে কাঙ্ক্ষিত বাতাস
 ভুল সুরের সাথে ভুল সঙ্গীত
 কখনও মনে পড়ে যায়
 মনে পড়ে যায় একদিন নক্ষত্রের জন্ম চেয়েছিল বলে
 ভেঙে গেছে গতিপথ
 ভেঙে গেছে জন্মলীন নিভৃত অস্তিত্ব।

মানসী সরকার

